

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল
মনোহরগঞ্জ, কুমিল্লা।

কি সেবা কিভাবে পাবেন

সেবা সমূহ/সেবার নাম	সেবা প্রদানের পদ্ধতি
গবাদিপশুর চিকিৎসা প্রদান	উপজেলা প্রাণি হাসপাতালে অসুস্থ গবাদিপশুর চিকিৎসা প্রদান করা হয়ে থাকে। খামারী/গবাদিপশুর মালিকগণ অসুস্থ গবাদিপশুকে হাসপাতালে নিয়ে আসেন। সেখানে প্রয়োজনীয় পরীক্ষা নিরীক্ষার পর প্রয়োজনীয় ব্যবস্থাপত্র সহ ঔষধ প্রদান করা হয়ে থাকে।
কৃত্রিম প্রজনন সম্প্রসারণ	গাভী গরম হওয়ার ১০-২০ ঘন্টার মধ্যে গাভীকে প্রজনন করানো হয়। খামারী/পশুর মালিকগণ গাভী গরম হওয়ার পর প্রজনন কেন্দ্রে নিয়ে আসে। উপযুক্ত পরীক্ষা নিরীক্ষার পর সরকারী রশিদের মাধ্যমে ফি আদায়ের পর নিয়ম অনুযায়ী কৃত্রিম প্রজনন করানো হয়।
গবাদিপশুর টিকাদান	নিয়মিতভাবে এলাকার চাহিদা অনুযায়ী নিবিড় টিকাদান কর্মসূচী পরিচালনা করা হয়ে থাকে। কমপক্ষে ১৫ দিন অন্তর এক একটি রোগের প্রতিষেধক রোগের টিকা প্রদান করা হয়ে থাকে হঠাৎ কোন রোগের প্রাদুর্ভাব দেখা দিলে জরুরি ভিত্তিতে ঐ রোগের টিকা প্রদান করা হয়। নির্দিষ্ট পশুকে নির্দিষ্ট রোগের টিকা প্রদান করা হয়।
হাঁস-মুরগীর টিকাদান	প্রতি সপ্তাহে একদিন উপজেলা প্রাণি হাসপাতালে হাঁস-মুরগীর টিকা প্রদান করা হয়। ইউনিয়ন পতপাখী কল্যান কেন্দ্রে প্রয়োজন অনুযায়ী টিকা প্রদান করা হয়ে থাকে। সেবাকর্মীর মাধ্যমে কোন নির্দিষ্ট এলাকায় চাহিদা মোতাবেক টিকা প্রদান করা হয়ে থাকে। সরকারী/বেসরকারী খামার সমূহে ক্রটিন মাসিক টিকা প্রদান করা হয়।
প্রশিক্ষণ	প্রয়োজনীয় বরাদ্দ পাওয়ার পর ডিএফএ, ইউএলএ এবং ইউপি মেম্বার সমন্বয়ে তালিকা প্রনয়ণ করার পর ইউপি সভা এবং উপজেলা পরিষদ সভায় তালিকা অনুমোদনের পর প্রশিক্ষণের দিন, তারিখ এবং সময় নির্ধারণ করা হয় এবং সংশ্লিষ্টদের অবহিত করা হয়। প্রয়োজন অনুযায়ী অতিথি বক্তা নির্বাচন করা হয়। নির্দিষ্ট সময় প্রশিক্ষণ দেওয়ার পর প্রশিক্ষণ সমাপ্ত করা হয়।
ঋণ বিতরণ	প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদানের পর বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে সরকারী নিয়ম মোতাবেক জন প্রতি হারে ঋণ প্রদান করা হয়। ক্ষুদ্র ঋণ উপজেলা অফিস থেকে এবং বৃহদাকার ঋণ ব্যাংকের মাধ্যমে প্রদান করা হয়।
ক্ষতিপূরণ প্রদান	সরকারী প্রজ্ঞাপনের মাধ্যমে হাঁস-মুরগী ধ্বংস করার পর ধ্বংশকৃত মুরগীর তালিকা অনুযায়ী সরকারী ক্ষতিপূরণ দেওয়া হয়। ধ্বংশকৃত মোরগ মুরগীর তালিকা ইউএলও এবং ডিএলও সাহেবের মাধ্যমে মহাপরিচালক বরাবরে প্রেরণ করা হয়। মহাপরিচালক কতৃক অনুমোদনের পর প্রকল্প পরিচালকের মাধ্যমে জেলা প্রশাসক বরাবরে বরাদ্দ প্রদান করা হয়। জেলা প্রশাসক টাকা উত্তোলনের পর ইউএনও এবং ইউএলও সাহেবের মাধ্যমে ক্ষতিগ্রস্তদের মাঝে বিতরণ করা হয়।
প্রাণিজাত উৎপাদিত পণ্য বিক্রয়	সরকার কতৃক নির্ধারিত মূল্যে সরকারী খামার থেকে উৎপাদিত পণ্য সামগ্রী বিক্রয় করা হয়। উৎপাদিত পণ্য বিক্রয় কেন্দ্রে আনা হয় এবং সরকারী রশিদের মাধ্যমে টাকা আদায়ের পর পণ্য সরবরাহ করা হয়।
লাইসেন্স/পারমিট/সার্টিফিকেট/অনুমতি পত্র ইস্যু	নির্ধারিত ফি প্রদান সাপেক্ষে ঠিকদারী লাইসেন্স প্রদান করা হয়। গবাদিপশু আমদানী রপ্তানী পারমিট প্রদান করা হয়। বিদেশ থেকে আনিত/দেশ থেকে বিদেশে নেওয়ার জন্য পশুর রোগমুক্ত সার্টিফিকেট প্রদান করা হয়। গবাদিপশু জবাই এর পূর্বে সার্টিফিকেট প্রদান করা হয়। গবাদিপশুর ঔষধ, খাদ্যদ্রব্য, পোস্ট্রি ফিড ও ফিড এডিটিভ আমদানির পূর্বে অনুমতি পত্র ইস্যু করা হয়।
পুনর্বাসন ও উপকরণ সহায়তা	দুর্যোগময় পরিস্থিতিতে/বিশেষ পরিস্থিতিতে পুনর্বাসন ও ক্ষতিপূরণ প্রদান করা হয়। সরকার কতৃক প্রদানকৃত/বরাদ্দকৃত অর্থ/উপকরণ অগ্রাধিকার তালিকা প্রণয়নের মাধ্যমে সংশ্লিষ্ট ক্ষতিগ্রস্ত খামারী/পালনকারীদের মাঝে পুনর্বাসন ও উপকরণ সহায়তা প্রদান করা হয়।